দৈনিক
আমাদের সময়

তারিখ 03 JUL 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

# শিক্ষক ও ছাত্রের চিকিৎসায় প্রধানমন্ত্রীর অর্থ সহায়তা

নিজস্ব প্রতিবেদক ●
সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত কলেজশিক্ষক গোলাম মোস্তফা এবং ছাত্র সুমন চক্রবর্তীকে চিকিৎসার জন্য প্রধানমন্ত্রী আর্থিক সহায়তা প্রদান করেছেন। গত ২৫ জুন ঢাকা থেকে গোপালগঞ্জ ফেরার পথে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হন গোপালগঞ্জের সরকারি বঙ্গবন্ধু কলেজের ইংরেজি বিভাগের অধ্যাপক গোলাম মোস্তফা ও একই কলেজের শিক্ষার্থী সুমন চক্রবর্তী।

গতকাল শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রাজধানীর পঙ্গু হাসপাতালে তাদের দেখতে যান। প্রধানমন্ত্রী প্রদত্ত আর্থিক সহায়তার চেক ওই শিক্ষক ও ছাত্রের এরপর পৃষ্ঠা ৯ কলাম ২

## শিক্ষক ও ছাত্রের চিকিৎসায় প্রধানমন্ত্রীর

(৩ এর পৃষ্ঠার পর) কাছে হস্তান্তর করেন। শিক্ষামন্ত্রী গোলাম মোস্তফার সর্বোত্তম
চিকিৎসা নিশ্চিত করতে সংশ্লিষ্ট চিকিৎসকদের নির্দেশ দিয়ে বলেন, অধ্যাপক গোলাম
মোস্তফার চিকিৎসার সম্পূর্ণ ব্যয় বহন করবেন প্রধানমন্ত্রী। চিকিৎসার প্রাথমিক ব্যয়
হিসেবে ১ লাখ টাকার চেক কলেজশিক্ষকের স্ত্রী রুবাইয়াত ইয়াসমিনের নিকট হস্তান্তর
করেন। চিকিৎসাধীন সুমন চক্রবর্তীকেও এক লাখ টাকার চেক হস্তান্তর করেন শিক্ষামন্ত্রী।
হাসপাতালে শিক্ষামন্ত্রীর সঙ্গে শিক্ষা সচিব মোঃ সোহরাব হোসাইন, পঙ্গু হাসপাতালের
পরিচালক ডা. আবদুল গনি মোল্লা এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক ডা.
জুলফিকার লেলিন উপস্থিত ছিলেন।